উপজেলা পরিষদ কার্যালয়
মিঠাপুকুর, রংপুর।

স্মারক নং -

তারিখ ঃ ২৪ অক্টোবর, ২০২১খ্রিঃ

বিষয় ঃ উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

(নিরঞ্জন মহন্ত)
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।

প্রাপক,
১। সদস্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি ও
উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২। চেয়ারম্যান, ..........................ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৩।........................................................... মিঠাপুকুর, রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৫। অফিস কপি।

(নিরঞ্জন মহন্ত)
সভাপতি
উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
মিঠাপুকুর, রংপুর।

মিঠাপুকুর উপজেলা পরিষদ
জেলাঃ রংপুর

স্মারক নংঃ

তারিখঃ ২৫/১০/২০২১খ্রিঃ

## উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ নিরঞ্জন মহন্ত
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।

সভার তারিখ ঃ ২৫ অক্টোবর, ২০২১খ্রিঃ

সময় ঃ ১১.৩০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, মিঠাপুকুর, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা শিক্ষা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ প্রাথমিক ও গণশিক্ষা কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, সরকার বিদ্যালয়গুলোতে চলমান করোনাভাইরাসের প্রভাব বিস্তার রোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিদ্যালয় পরিচালনার জন্য নির্দেশনা দিয়েছে। তাছাড়া প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে হ্যান্ড স্যানিটাইজার,সাবান ও মাস্ক পরিধানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট-এর মাধ্যমে শ্রেণীতে পাঠদান করানোর কৌশল বিষয়ক প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, মিঠাপুকুর উপজেলায় মানসম্মত শিক্ষা বাস্তবায়নে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত শিক্ষা নিশ্চিত করার উপায় হলো ডিজিটাল কনটেন্ট তৈরী করে মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান করানোর মাধ্যমে শিক্ষার্থীদের খুব সহজে ও আনন্দময় পরিবেশে শিক্ষার্থীদের পাঠদান করানো। তাতে পড়াশোনার প্রতি শিক্ষার্থীদের আগ্রহ বাড়তে সাহায্য করবে। সেই লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট তৈরী করে মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান করানোর কৌশল জানা অতি জরুরী। যার ফলে শিক্ষকরা শ্রেণীকক্ষে এই পদ্ধতিতে পাঠদান করাতে পারেন। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর |

| | | |
|---|---|---|
| এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>১) ডিজিটাল কনটেন্ট তৈরী করে মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান করানো হলে শিক্ষার্থীরা খুব সহজে ও আগ্রহসহকারে তাদের পাঠ আয়ত্ব করতে পারবে যা তাদের পাঠগুলো দীর্ঘক্ষণ মনে রাখতে সাহায্য করবে;<br>২) প্রাথমিক স্তর থেকে শিক্ষার্থীরা ডিজিটাল উপকরণ সম্পর্কে অবগত হবে এবং সেগুলোর ব্যবহার সম্পর্কে জানবে।<br>৩) আনন্দময় পরিবেশে শিক্ষার্থীরা পাঠে আগ্রহী হবে।<br>৪) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে এই উদ্যোগ একটি গুরত্বিপূর্ণ ভূমিকা পালন করবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(নিরঞ্জন মহন্ত)
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার , মিঠাপুকুর, রংপুর।
৫। উপজেলা............................... কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
৬। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৭। অফিস কপি।

সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
মিঠাপুকুর, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মিঠাপুকুর, রংপুর

# উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার নোটিশ

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, নিম্নলিখিত আলোচ্য সূচীর উপর উক্ত কমিটির সভা আগামী ১০/০১/২০২১ খ্রি. বেলা ১২.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান জনাব নিরঞ্জন মহন্ত, উপজেলা পরিষদ,মিঠাপুকুর, রংপুর মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সভার সম্মানীত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

<u>আলোচ্য বিষয় সমূহঃ</u>

১. . চলমান করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে শিক্ষার্থীদের লেখাপড়া সংসদ টেলিভিশনে পাঠদান কার্যক্রম তদারকি ও শিক্ষক/অভিভাবক/শিক্ষার্থীর সাথে মোবাইলে যোগাযোগ সংক্রান্ত।
২. শিক্ষকগণের EFT তে বেতন প্রদান সংক্রান্ত।
৩. সহকারী শিক্ষগণের সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকা অনলাইনে প্রনয়ণ।
৪. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের ১৩তম গ্রেডে বেতনস্কেল উন্নীতকরণ।
৫. বিবিধ।

10/1/21
(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপজেলা শিক্ষা অফিসার
মিঠাপুকুর, রংপুর

স্মারক নং- ৩৮.০১.৮৫৫৮.০০০.১৮.০১.২১-

তারিখঃ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
জানুয়ারী, ২০২১ খ্রিঃ

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ</u>

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৩, রংপুর-৫ (মিঠাপুকুর)।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৫। ভাউস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৬। উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
৭। চেয়ারম্যান, ৫ নং বালারহাট ইউপি, মিঠাপুকুর, রংপুর।
৮। জনাব মোছাঃ ছকিনা বেগম, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৯। অফিস নথি।

10/1/21
(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপজেলা শিক্ষা অফিসার
মিঠাপুকুর, রংপুর

F:\Ueo_Mithapukur\Education Commitee\Meeting Notice.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মিঠাপুকুর, রংপুর।

# উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ : ১০ জানুয়ারী, ২০২১ খ্রি. বেলা: ১২.০০ ঘটিকা
উপস্থিতি : উপস্থিত সকল সদস্য "পরিশিষ্ট ক" তে সংযুক্ত।

আলোচ্য সূচি:

১. . চলমান করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে শিক্ষার্থীদের লেখাপড়া সংসদ টেলিভিশনে পাঠদান কার্যক্রম তদারকি ও শিক্ষক/অভিভাবক/শিক্ষার্থীর সাথে মোবাইলে যোগাযোগ সংক্রান্ত।
২. শিক্ষকগণের EFT তে বেতন প্রদান সংক্রান্ত।
৩. সহকারী শিক্ষগণের সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকা অনলাইনে প্রনয়ণ।
৪. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের ১৩তম গ্রেডে বেতনস্কেল উন্নীতকরণ।
৫. বিবিধ।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের প্রজ্ঞাপন নং-প্রাগম/বিদ্যা-২/১৬(ম্যানেজিং কমিটি)০১/০৯-১৮৭, তারিখ-১৩ এপ্রিল, ২০১৮ খ্রি. মোতাবেক জারীকৃত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-৩ অনুসারে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা ও পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | চলমান করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে শিক্ষার্থীদের লেখাপড়া সংসদ টেলিভিশনে পাঠদান কার্যক্রম তদারকি ও শিক্ষক/অভিভাবক/শিক্ষার্থীর সাথে মোবাইলে যোগাযোগ সংক্রান্ত। | উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর সভায় জানান যে, উপজেলার ২৭৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৮৬৯১ জন শিক্ষার্থীর চলমান করোনা ভাইরাস পরিস্থিতিতে লেখাপড়া, পাঠদান কার্যক্রম তদারকি করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের ৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৭৬৮, তারিখ- ২৩ আগষ্ট, ২০২০ খ্রি. পত্র মোতাবেক শিক্ষার্থী/ অভিভাবকগণের সাথে মোবাইলে যোগাযোগ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন এবং এ সংক্রান্ত প্রতিনিয়ত সাপ্তাহিক প্রতিবেদন ছকে প্রেরণের নির্দেশ দেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে সর্ব সম্মতিক্রমে সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের মাধ্যমে প্রধান ও সহকারী শিক্ষগণকে শিক্ষার্থীদের মোবাইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে জোর দিয়ে শিক্ষা কার্যক্রমকে অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। শিক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে সংসদ টেলিভিশন এ প্রচারিত দৈনিক পাঠদান কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে এবং রেডিও বা মোবাইল রেডিওর মাধ্যমে অনলাইন ক্লাসের মাধ্যমে লেখাপড়া চালিয়ে যেতে পারে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | শিক্ষকগণের EFT তে বেতন প্রদান সংক্রান্ত। | উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর সভায় জানান যে, উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বেতন ভাতা অনলাইনে ibas++ এর মাধ্যমে EFT তে প্রদানের বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জোর তাগাদা প্রদান করা হয়েছে। আগামী ফেব্রুয়ারী/২০২১ মাসের বেতন ভাতা প্রদানের অঙ্গীকার প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে সর্ব সম্মতিক্রমে দায়িত্বপ্রাপ্ত সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের মাধ্যমে ক্লাষ্টারভিত্তিক ইএফটিতে তথ্য এন্ট্রিকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া আগামী ফেব্রুয়ারী/২০২১ মাসের বেতন যাতে EFT তে প্রদান করা যায় তার ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। |
| ৩. | সহকারী শিক্ষগণের সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকা অনলাইনে প্রনয়ণ। | উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর সভায় জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং- ৩৮.০০৮.০১২.০০.০০.০০২..২০০৪-০৯, তারিখ-০৭ জানুয়ারী, ২০২১ খ্রি. পত্র মোতাবেক সহকারী শিক্ষকগণের সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকা অনলাইনে এন্ট্রির বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে সর্ব সম্মতিক্রমে ক্লাষ্টার অনুযায়ী তথ্য সংগ্রহ করে অনলাইনে তথ্য এন্ট্রির জন্য সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণকে অনুরোধ করা সহ সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪. | সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের ১৩তম গ্রেডে বেতনস্কেল উন্নীতকরণ। | উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর সভায় জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং- ৩৮.০০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯.-৯৫, তারিখ-০৯ ফেব্রুয়ারী, ২০২০ খ্রি. পত্র মোতাবেক সহকারী শিক্ষকগণের ১৩তম গ্রেডে বেতন স্কেল উন্নীতকরনের | সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে সর্ব সম্মতিক্রমে ক্লাষ্টার অনুযায়ী তথ্য সংগ্রহ করে বেতন নির্ধারনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | আদেশ প্রদান করা হয়। বর্তমানে এ বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | |
| ৫. | বিবিধ | সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বর্তমান করোনা পরিস্থিতিতে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রাখার প্রত্যয়ে "ঘরে বসে লিখি, লিখতে লিখতে শিখি" বিষয়ক ২৭৫টি বিদ্যালয়ে MCQ প্রশ্নপত্র তৈরী করে বিতরণ করা হয়েছে। এ পদ্ধতিতে পাঠদান কার্যক্রম অব্যহত আছে এবং সকলকে সচেতন করে কার্যক্রম অগ্রগামি করা যায়। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। সহকারী উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বিদ্যালয় ভিত্তিক শিক্ষার্থীদের মেধা মূল্যায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনও আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১০/১/২২

(নিরঞ্জন মহন্ত)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি
মিঠাপুকুর, রংপুর

স্মারক নং- ৩৮.০১.৮৫৫৮.০০০.০৬.০১.২১-

তারিখঃ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ / জানুয়ারী, ২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি/ কাযার্থে প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর।
৬। উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
৭। চেয়ারম্যান, ৫ নং বালারহাট ইউপি, মিঠাপুকুর, রংপুর।
৮। জনাব মোছাঃ ছকিনা বেগম, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর।
৯। জনাব..........................................................................,মিঠাপুকুর, রংপুর।
১০। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), মিঠাপুকুর, রংপুর।
১১। সংরক্ষণ নথি।

10/1/21

(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি
মিঠাপুকুর, রংপুর